

স্মারক নং: ২৯.৩১.০০০০.০০৮.৩১.০০১.২৩ - ৭৪৮


তারিখ: ১৭/১০/২০২৩খ্রি:

বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০১১০০)-এর আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের “পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান” এর নিমিত্ত দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক(সম্মান)/স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বোর্ডের নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক যাচাই-বাছাই এবং “শিক্ষাবৃত্তি প্রদান কমিটি”-র সুপারিশের আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শিক্ষাবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হলো।

- জেলা ও উপজেলাভিত্তিক বিভিন্ন সম্প্রদায়ের মেধাক্রম অনুসারে শিক্ষাবৃত্তির এ তালিকা প্রস্তুত করা হয়েছে;
- জেলা ও উপজেলার ভিত্তিতে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে আবেদনকারী শিক্ষার্থীদেরকে স্ব স্ব সম্প্রদায়ের মধ্য থেকে সর্বোচ্চ নম্বর/জিপিএ/গ্রেড অনুসারে শিক্ষাবৃত্তির এ তালিকা প্রস্তুত করা হয়েছে;
- একই ফলাফল দিয়ে ইতোপূর্বে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের এ বছরের শিক্ষাবৃত্তির জন্য বিবেচনায় আনা হয়নি;
- ২০২১ সালের এসএসসি’র ফলাফল এবং ২০১৬-১৭ সালের শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) কোর্সের শিক্ষার্থীদের ফলাফল বিবেচনায় আনা হয়নি (যেহেতু উক্ত বছরের ফলাফলের ভিত্তিতে ২০২১-২২ অর্থ বছরের শিক্ষাবৃত্তি দেয়া হয়েছিল);
- অসম্পূর্ণ আবেদন, সূজিত ফলাফল/প্রত্যয়নপত্র, একই ব্যক্তির ভিন্ন ভিন্ন কোর্সে একাধিকবার আবেদন, দাপ্তরিক কাজে ব্যবহারের অনুপযোগী ছবি, প্রয়োজনীয় সনদসমূহ যথাযথভাবে সংযুক্ত না থাকার কারণে কতিপয় শিক্ষার্থীর আবেদন বিবেচনায় আনা হয়নি;
- প্রত্যয়নপত্র হালনাগাদ না থাকার কারণে কতিপয় শিক্ষার্থীকে ২০২২-২৩ অর্থ বছরের এর শিক্ষাবৃত্তির জন্য বিবেচনায় আনা হয়নি;
- জুন, ২০২১ খ্রি. এর পূর্বে প্রকাশিত অন্যান্য পরীক্ষার ফলাফল বিবরণী ২০২২-২৩ অর্থ বছরের এর শিক্ষাবৃত্তির জন্য বিবেচনায় আনা হয়নি;
- সফটওয়্যারে প্রদত্ত ফলাফলের সাথে সংযুক্ত ফলাফল বিবরণী যাচাইপূর্বক সঠিক ফলাফল বিবেচনা করা হয়েছে;
- শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে পড়া সম্প্রদায়ের শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানে অগ্রাধিকার প্রদান করা হয়েছে;
- একই পরিবার হতে একাধিক শিক্ষার্থীর আবেদনের ক্ষেত্রে তুলনামূলক অধিকতর যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীকে বৃত্তির জন্য নির্বাচিত করা হয়েছে;
- বিভিন্ন কোটায় (মুক্তিযোদ্ধা, এতিম, প্রতিবন্ধি ও পোষ্য) আবেদনকারী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ সর্বোচ্চ সহানুভূতির সহিত বিবেচনা করা হয়েছে;
- কারিগরী বিষয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানে অগ্রাধিকার দেয়া হয়েছে।

২। নির্বাচিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি বিতরণের স্থান, তারিখ ও সময় পরবর্তীতে মোবাইলে জানিয়ে দেয়া হবে।


(মো: জসীম উদ্দিন)
(উপসচিব)
সদস্য- পরিকল্পনা
ফোন- ০২৩৩৩৩৭২২৩৭

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:-

- ১। সদস্য-প্রশাসন/সদস্য-অর্থ/সদস্য-বাস্তবায়ন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
- ২। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি
- ৩। উপপরিচালক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
- ৪। জনসংযোগ কর্মকর্তা (অ:দা:)/বাজেট এন্ড অডিট অফিসার/প্রশাসনিক কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা বিজ্ঞপ্তিসহ বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। পিএ টু চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। পিএ টু ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। অফিস কপি